

## ২নং ধরনজী ইউপির জুলাই/১৯ মাসের ইউনিয়ন উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : গোলাম মোস্তফা  
চেয়ারম্যান, ধরনজী ইউপি,  
পাঁচবিবি, জয়পুরহাট,  
স্থানঃ ইউপি ভবন

তারিখঃ ৩১/০৭/২০১৯ সময়ঃ বেলা ১০.০০টা ।

সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক” তে দেখানো হলো ।

সভাপতি সাহেব তার আসন গ্রহন পূর্বক উপস্থিত সকল সদস্যগণ কে স্বাগত জানিয়ে সভা শুরু করেন , সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনানো হয় তাতে কোন প্রকার সংশোধন সংযোজন বা বিয়োজন না থাকাই সর্বসম্মতি ক্রমে তা আনুমোদিত হয় । তারপর আলচ্যসূচী অনুসারে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	কৃষি বিভাগঃ সভায় উপস্থিত উপ-সহঃ কৃষি আফিসার জানাই বর্তমানে তাদের কার্যক্রম ভালো চলিতেছে । তিনি আরো জানাই চলতি আমন মৌসুমে লক্ষ্যমাত্র ২৭৫০ হেক্টর । সার প্রসঙ্গে তিনি জানই বর্তমানে ধরনজী ইউপিতে ০১ জন ডিলার ও ৯ জন সাব ডিলারের মাধ্যমে কৃষকদের মাঝে সার বিক্রয় চলিতেছে , বর্তমানে আমন জমিতে বাদামী গাছ ফড়িং এর উপদ্রব হতে পারে । তিনি আরো জানাই কৃষক সচেতনতার লক্ষ্যে ধরনজী ইউপিতে রতনপুর ও হাটখোলা তে ০২ টি মাঠ স্কুল চলিতেছে ।	আলোচনান্তে সীমাবদ্ধতার বোর রোপনের পর কৃষকদের মাঝে সমন্বিত বালাইনাশকের অংশ হিসেবে এবং বাদামী গাছ ফড়িং থেকে ধান রক্ষায় প্রতিটি বোর ধানের জমিতে কৃষকদের কে কঞ্চিঃ পোতার পরামর্শ প্রদান করা হইল এবং মাঠ স্কুল দুটি	উপ-সহকারী কৃষি আফিসার, ইউ,পি ও কৃষক বৃন্দ ।
০২	স্বাস্থ্য বিভাগঃ সভায় স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি জানান যে, তাহাদের কার্যক্রম ভাল ভাবে চলিতেছে । কমিউনিটি ক্লিনিক গুলো তৃণমূল পর্যায়ে টিকা ও স্বাস্থ্য সেবা প্রদান করিতেছে, কলন্দপুর কমিউনিটি ক্লিনিকের টিউনওয়েল নষ্ট হওয়ার কারণে পানির অভাবে রোগীদের খুব কষ্ট হয় তিনি আরো জানাই কমিউনিটি ক্লিনিকগুলোতে স্বল্প মূল্যে ডাইবেটিস পরিক্ষা চলিতেছে । সভায় সভাপতি সাহেব প্রতিটি শিশু জন্ম পর প্রথম টিকার সময় জন্ম নিবন্ধন ফরম পূরণ করিয়া ইউপিতে প্রদানের জন্য স্বাস্থ্য কর্মীদের অনুরোধ জানান ।	আলোচনান্তে সীমাবদ্ধতার মাঝেও তৃণ মূল জনগনের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার এবং কৃষি নাশক ও ভিটামিন এ ক্যাপসুল প্রদানের পূর্বে জনসচেতনতার জন্য ব্যাপক প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয় ।	কমিউনিটি ক্লিনিক এর কর্তবরত ইনচার্জ ও ইউ,পি ।
০৩	শিক্ষা বিভাগঃ শিক্ষা বিভাগের প্রতিনিধি না থাকায় তাহাদের কোন তথ্য পাওয়া যায়নি ।		

০৪	পরিবার পরিকল্পনাঃ পরিবার পরিকল্পনা প্রতিনিধি জানান যে, তাহাদের কার্যক্রম ভাল ভাবে চলিতেছে। মোট দম্পতির সংখ্যা ৫৫৫৪ সেবার হার বর্তমানে অস্থায়ী ৮২.০১%, । দীর্ঘমেয়াদী সেবার হার ২১.০৪%,	ইউনিয়ন পরিবার পরিকল্পনা প্রতিনিধী তাহার কার্যক্রম অব্যাহত রাখবেন মর্মে সর্বসন্মতভাবে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিবার পরিকল্পনা বিভাগ এবং ইউ,পি।
০৫	প্রকৌশলী বিভাগঃ প্রকৌশলী বিভাগের প্রতিনিধি না থাকায় তাহাদের কোন তথ্য পাওয়া যায়নি।		
০৬	প্রাণী সম্পদঃ প্রাণী সম্পদ প্রতিনিধি জানান যে, তাহার কার্যক্রম ভাল ভাবে চলিতেছে। এ মাসে প্রজননের জন্য ৩৫৬টি বীজ ব্যবহার করেন।	বিস্তারিত আলোচনান্তে গবাদী প্রাণীকে টিকা প্রদান সহ প্রজনন কার্যক্রম অব্যাহত রাখতে হবে সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রাণী সম্পদ প্রতিনিধি এবং ইউ,পি।
০৭	মৎস বিভাগঃ মৎস বিভাগের প্রতিনিধি জানান যে, তাহার কার্যক্রম ভাল ভাবে চলিতেছে।	বিস্তারিত আলোচনান্তে মৎস বিভাগের কার্যক্রম ভালো রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মৎস বিভাগ ও ইউপি
০৮	সমাজসেবা বিভাগঃ সমাজসেবা বিভাগের প্রতিনিধি সভায় জানাই তাদের কার্যক্রম মোটামুটি ভালো চলিতেছে, সর্বমোট বয়স্কভাতা ৮৩০ জন বিধবা ভাতা ৩২৮ জন ও প্রতিবন্ধী ভাতা ১৮০ জন ব্যাংকের মাধ্যমে ভাতার টাকা প্রদান করা হইয়াছে।	বিস্তারিত আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রম ভালো রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজসেবা ও ইউপি
০৯	জনস্বাস্থ্যঃ জনস্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানাই তাদের কার্যক্রম ভালো চলিতেছে তিনি আরো জানাই চলতি অর্থবৎসরে উপজেলায় অতিরিক্ত ০৮টি হেড টিউবয়েলের বরাদ্দ পাওয়া গিয়াছে।	বিস্তারিত আলোচনান্তে জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ভালো রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং ইউপি কে ০৮ টি হ্যান্ড টিউবয়েলের স্থান নির্বাচন করিয়া তালিকা প্রদানের দায়িত্ব প্রদান করা হইল।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ও ইউপি
১০	পল্লী উন্নয়নঃ পল্লী উন্নয়ন বিভাগের কোন প্রতিনিধি না থাকায় তাহাদের কোন প্রতিবেদন পাওয়া যায় না।		
১১	আনছার ভিডিপিঃ আনছার ভিডিপি প্রতিনিধি সভায় জানাই তাদের কার্যক্রম ভালো চলিতেছে	বিস্তারিত আলোচনান্তে আনছার ভিডিপি বিভাগের কার্যক্রম ভালো রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	আনছার ভিডিপি দলনেতা ও ইউপি
১২	কাজীঃ ধরনজী ইউপির নিয়োজিত কাজী জানাই তার কার্যক্রম ভালো চলিতেছে বাল্য বিবাহ বন্ধের লক্ষ্যে তিনি জন্ম সনদ ছাড়া তিনি কোন বিবাহ রেজিঃ করে না বা ১৮ বৎসর বয়স না হলে তিনি বিবাহ রেজিঃ করে না চলতি ২০১৯ সালে ডি তালাক ১৪ টি সি তালাক ১৩টি ও বি তালাক ৪টি হয়েছে মোট রেজিঃ সংখ্যা ৪৬ টি	বিস্তারিত আলোচনান্তে বাল্য বিবাহ ও যৌতুক নিরোধে ভূমিকা রাখার জন্য সভার মাধ্যমে কাজীকে বলা হইল।	কাজী ও ইউপি

সভায় আর কোন আলোচনা না থাকাই সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ ও পরবর্তী সভায় সকলকে উপস্থিত হওয়ার আহ্বান জানিয়ে সভার কার্য বিবরণী শেষ করেন।

গোলাম মোস্তফা  
চেয়ারম্যান  
২নং ধরনজী ইউনিয়ন পরিষদ,  
পাঁচবিবি, জয়পুরহাট।

স্মারক নং

তারিখ

অনুলিপিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট।
- ৩। ইউনিয়ন-----অফিস ধরনজী, পাঁচবিবি, জয়পুরহাট।
- ৪। জনাব-----

গোলাম মোস্তফা  
চেয়ারম্যান  
২নং ধরনজী ইউনিয়ন পরিষদ  
পাঁচবিবি, জয়পুরহাট।